তারাদের কথা

উত্তরবঙ্গ সংবাদ ১৬ সেপ্টেম্বর ২০২০ এগারো

সুশান্তের ফরেন্সিক রিপোর্ট খুব শীঘ্রই

তৈরি হচ্ছে সুশান্ত সিং রাজপুতের ফরেন্সিক রিপোর্ট। আগামী ১৭ সেপ্টেম্বর তদন্তকারী সংস্থা এবং ফরেন্সিক বিশেষজ্ঞদের মধ্যে এক উচ্চপর্যায়ের মিটিং রয়েছে। তারপরেই সুশান্তের রিপোর্ট সামনে নিয়ে আসা হবে বলে জানিয়েছেন এই দায়িত্বের সঙ্গে যুক্ত চিকিৎসক দল।

তাঁদের কথায়, 'আমরা মহারাষ্ট্র থেকে সুশান্ত কেসের বিভিন্ন নথিপত্র পেয়েছি, রিপোর্ট আসতে কয়েকদিন সময় লাগবে। কিছু কাগজ মরাঠিতে রয়েছে সেগুলো অনুবাদ করতে হবে। মেডিক্যাল বোর্ডের ১৭ তারিখ একটি বৈঠক রয়েছে এবং তারপরেই রিপোর্ট সামনে আসবে। সুশান্ত মামলার তদন্ত যুক্ত সকল এজেন্সির সঙ্গে একটি বৈঠক হওয়ার সম্ভাবনা রয়েছে, যাতে ২০ সেপ্টেম্বরের মধ্যে চূড়ান্ত ফরেন্সিক রিপোর্ট ও মত জমা দেওয়া যায়।'

অ্যাম্ফিটামিনস, ক্যানাবিস, ওপিয়ডস, কোকেন, হিরোইনের মতো নিষিদ্ধ মাদকের উপস্থিতি সুশান্তের শরীরে ছিল কিনা, তা সবিস্তারে থাকবে ওই ফরেন্সিক রিপোর্টে।

সুশান্তের বাগানবাড়িতে উদ্ধার মাদক সামগ্রী

তিন মাসের বেশি হল সুশান্ত সিং রাজপুত পৃথিবীতে নেই, তবু তিনি আছেন। আছেন আলোচনার কেন্দ্রে, খবরের শিরোনামে। প্রতিদিনই সামনে আসছে নতুন তথ্য। সুশান্তের মৃত্যুতে মাদকযোগের তদন্তে এবার প্রয়াত অভিনেতার বাগানবাড়িতে তল্লাশি চালালেন নার্কোটিক্স কন্ট্রোল ব্যুরোর আধিকারিকরা। লোনাভেলার পাওয়ানা লেকে অবস্থিত ওই ফার্ম হাউসেই পার্টি করতেন সুশান্ত, রিয়া চক্রবর্তী, রিয়ার ভাই শৌভিক এবং তাঁদের বন্ধুবান্ধবরা। শোনা যায়, বলিউডের অনেক তারকারাও নাকি সেখানে পার্টি করতে যেতেন। সোমবার সেখানে তল্লাশি চালিয়ে হুক্কা, অ্যাশট্রে এবং বিভিন্ন প্রকারের মাদক সামগ্রী বাজেয়াপ্ত করেছেন আধিকারিকরা।

সুশান্তের মৃত্যুর ঠিন তিন মাস পূর্ণ হয়েছে সোমবার। ভাইকে উৎসর্গ করে ভিডিও শেয়ার করেছেন দিদি শ্বেতা সিং কীর্তি। সুশান্তকে স্মরণ করে গাছ লাগিয়েছেন প্রাক্তন প্রেমিকা অভিনেত্রী অঙ্কিতা লোখাণ্ডে। সেই ছবি ছড়িয়ে পড়েছে সামাজিক মাধ্যমে। সুশান্তকে স্মরণ করেছেন তাঁর অগণিত ভক্ত। তাঁদের আশা, প্রকৃত অপরাধীরা শাস্তি পাবেই।

মায়ের মোবাইল থেকে মাদকযোগ রিয়ার

তাঁর অপরাধের সঙ্গে নিজের মাকেও জড়াতে কসুর করেননি রিয়া চক্রবর্তী। সন্ধ্যা চক্রবর্তী, অর্থাৎ তাঁর মায়ের নামে রেজিস্টার্ড হওয়া মোবাইল থেকে যাবতীয় কুকর্মের ফোনগুলো করতেন রিয়া।

খবরে প্রকাশ, মাদক কারবারী এবং পাচারকারীদের সঙ্গে নিয়মিত যোগাযোগ রাখতে এই ফোনটিই ব্যবহার করতেন তিনি।

জানা যাচ্ছে, এনফোর্সমেন্ট ডিরেক্টরেটের জিজ্ঞাসাবাদের সময় রিয়া চক্রবর্তী নিজের একটি মোবাইল তদন্তকারীদের হাতে তুলে দিলেও, দ্বিতীয়টি জমা দেননি। সে বিষয়ে কোনও মন্তব্যও করেননি তখন। এরপর রিয়ার বাড়িতে নারকোটিক্স কন্ট্রোল ব্যুরোর তরফে তল্লাসি চালানো হলে, সেখান থেকে অভিনেত্রীর ল্যাপটপ সহ বিভিন্ন ইলেক্ট্রনিক ডিভাইস বাজেয়াপ্ত করা হয়। তার মধ্যেই ছিল রিয়া চক্রবর্তীর দ্বিতীয় মোবাইল। যেটি তাঁর মা সন্ধ্যা চক্রবর্তীর নামে রয়েছে। সেই মোবাইল থেকেই সামনে আসে বিভিন্ন তথ্য।

এনসিবি আধিকারিকরা ওই মোবাইলের তথ্যাবলি ঘেঁটেই মাদক সংক্রান্ত নানান সূত্র হাতে পেয়েছেন।

মিমিকে হেনস্তা লক আপে ট্যাক্সিচালক

শহরের রাস্তায় এবার ট্যাক্সিচালকের হেনস্তার শিকার খোদ তৃণমূল সাংসদ অভিনেত্রী মিমি চক্রবর্তী। তাঁকে উদ্দেশ্য করে কটূক্তি এবং অশ্লীল অঙ্গভঙ্গি করার অভিযোগ উঠেছে বাবা যাদব নামে এক ট্যাক্সিচালকের বিরুদ্ধে। সোমবার রাতেই অভিযুক্ত ওই ব্যক্তিকে গ্রেপ্তার করেছে গড়িয়াহাট থানার পুলিশ। ধৃতের বিরুদ্ধে ভারতীয় সংবিধানের ৩৫৪, ৩৫৪এ, ৩৫৪ডি এবং ৫০৯ ধারায় অভিযোগ দায়ের করেছে পুলিশ। জানা গিয়েছে, তাকে ২০ সেপ্টেম্বর অবধি জেল হেফাজতে রাখা হবে। গড়িয়াহাট থানায় লিখিত অভিযোগ করে মিমি জানিয়েছেন, সোমবার রাতে জিম থেকে একাই বাড়ি ফেরার সময় সিগন্যালে তাঁর গাড়ির পাশে এসে দাঁড়ায় একটি ট্যাক্সি। মত্ত অবস্থায় চালক কটু অঙ্গভঙ্গি করতে থাকে। সঙ্গে সঙ্গে গাড়ি থেকে নেমে ওই ট্যাক্সিচালককে বের করে এনে তাকে সাবধান করেন তিনি। সেখান থেকে শুরু হয় বচসা। অভিযোগ, তখনই মিমি চক্রবর্তীকে উদ্দেশ্য করে অশ্লীল কথা বলতে থাকে বাবা যাদব। রাস্তায় জটলা হয়ে যাওয়ায় তখনকার মতো গাড়ি নিয়ে বেরিয়ে যান মিমি। সোজা গড়িয়াহাট থানায় গিয়ে অভিযোগ দায়ের করেন। সোমবার রাতে ইএম বাইপাসের ধারে আনন্দপুর থানা এলাকা থেকে ট্যাক্সিচালককে গ্রেপ্তার করা হয়।

চূড়ান্ত বিপর্যয়ের মুখে বলিউড

বলিউডের সবচেয়ে বড় ভিলেন কে? করোনা। সাড়ে ছ-মাস লকডাউনের জেরে এ বছর মুম্বই ইন্ডাস্ট্রির যত ক্ষতি হয়েছে, এত ক্ষতির খতিয়ান আর কোনও বছরেই লেখা হয়নি। এখনও অবধি যা হিসেব, বলিউডের ক্ষতির পরিমাণ প্রায় পাঁচহাজার কোটি টাকা।

মার্চ মাস থেকে সিনেমা, সিরিয়াল, ওয়েব সিরিজের শুটিং বন্ধ ছিল দীর্ঘকাল। পুনঃসম্প্রচারের পথে হেঁটে কোনওরকমে অস্তিত্ব টিকিয়ে রাখে টেলিভিশন দুনিয়া। যদিও বর্তমানে, নিও নর্মাল পরিস্থিতিতে কাজ শুরু হয়েছে, কিন্তু প্রয়োজনের চেয়ে তা অপ্রতুল। আবার করোনা বিধির জন্য শুটিংয়ের খরচাও বেড়েছে।

এক্সিবিউটর-ডিস্ট্রিবিউটর অক্ষয় রাঠি জানান, সুরক্ষাবিধির প্রস্তাবনা সরকারকে দেওয়া সত্ত্বেও এখনও পর্যন্ত সিনেমা হল খোলার অনুমতি মেলেনি।

এমনিতেই সিনেমার মুক্তি বন্ধ হওয়ার পরে প্রায় পনেরোশো কোটি লোকসান। তারপর বড় বাজেট সিনেমাগুলোর শুটিং বন্ধ থাকার কারণে ভেঙে দেওয়া হয়েছে কোটি কোটি টাকার সেট। যেমন 'গঙ্গুবাই কোঠিয়াওয়াদি'র কয়েক কোটি টাকার সেট ভেঙে দিয়েছেন সঞ্জয় লীলা বনশালি। ভেঙেছে বড় বাজেটের 'ময়দান' ছবির সেটও। বহু ছবির বিদেশে শুটিং স্থগিত হয়েছে। কলাকুশলীদের বিমার জন্য বিরাট পরিমাণে অর্থ ব্যয় হচ্ছে। সবমিলিয়ে করোনার কামড়ে নাভিশ্বাস উঠেছে ভারতের সবচেয়ে লাভজনক ইন্ডাস্ট্রির। ইতিহাসে প্রথম।

জয়া বচ্চনকে বেনজিরভাবে বিঁধলেন কঙ্গনা

কঙ্গনার নাম না করে তাঁর ফিল্ম ইন্ডাস্ট্রি এবং মুম্বই সংক্রান্ত বক্তব্যের বিরোধিতা করেন সাংসদ জয়া বচ্চন। সংসদে দাঁড়িয়েই এর বিরুদ্ধাচরণ করেন তিনি। জয়া জানান, বলিউডের সঙ্গে হাজার হাজার মানুষের রুজিরুটি জড়িয়ে থাকার প্রসঙ্গের কথা। জানালেন, যে বা যাঁরা এই কুৎসা রটাচ্ছেন, তাঁরা মুহূর্তে তা বন্ধ করুন। সরকার যেন তাঁদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়।

তবে চুপ নেই কঙ্গনাও। টুইটারে এবার কঙ্গনা তোপ দাগলেন জয়া বচ্চনকে।

স্পষ্ট জানালেন, যদি একইভাবে জয়ার কন্যা শ্বেতাকে ছোটবেলায় সমস্যার সম্মুখীন হতে হত! যদি বুলিং ও হ্যারাশমেন্টের জন্য অভিষেক বচ্চনকে একদিন ঝুলন্ত অবস্থায় পাওয়া যেত, সেদিনও কি এমনই মন্তব্য করতেন জয়া বচ্চন! মুখ বুজে মেনে নিতেন ইন্ডাস্ট্রির সমস্ত কুকীর্তি? নাকি অন্যায়ের বিচার চাইতে কোমর বেঁধে নামতেন? জয়ার মতো সিনিয়ারের উচিত, সব দিক বিচার করে তবে মন্তব্য করা—বলেন কঙ্গনা। নায়িকার এই বিস্ফোরক মন্তব্য মুহূর্তে ভাইরাল হয়ে ওঠে নেট পাড়ায়।

কঙ্গনার এই টুইট মুহূর্তে ছড়িয়ে পড়ে, একের পর এক সেলেব মন্তব্যও করতে থাকেন, আবারও পাল্টা তোপের মুখে পড়েন কঙ্গনা রানাওয়াত।

বিগ বস ৩ অক্টোবর থেকে

অপেক্ষার অবসান। ছোটপর্দার জনপ্রিয় শো 'বিগ বস' সিজন ১৪ দেখা যাবে ৩ অক্টোবর থেকে। নতুন প্রোমো রিলিজ করে এই খবর জানিয়েছেন সঞ্চালক সুপারস্টার সলমন খান। কালার্স চ্যানেলে দেখা যাবে শো-টি। প্রোমোর শুরুতে মাস্ক পরা অবস্থায় দেখা যায় সলমনকে। পরে তিনি মাস্ক খুলে নিজস্ব স্টাইলে বলতে থাকেন, 'বোরডম হোগা চকমাচুর, টেনশন কা উড়েগা ফিউজ, স্ট্রেস কা বাজেগা ব্যান্ড, হোপলেশনেস কা বাজেগি পুঙ্গি, আব সিন পালটেগা অউর বিগ বস দেগা ২০২০ কো জবাব।' প্রোমোটি দেখার পর নড়েচড়ে বসেছেন সলমন এবং বিগ বসের ভক্তরা।

এবার প্রধান চরিত্রে কমলেশ্বর

শুটিং শুরু হয়েছিল এ বছরের শুরুতে শীতের সময়। শীতের রোদ গায়ে মেখে জমেও উঠেছিল 'সম্পর্ক' নামক এই বাংলা সিনেমার কাজ। কিন্তু প্রবাদ বাক্যে থাকলেও 'কর্তার ইচ্ছায় কর্ম' সবসময় হয় না। যেমন এই সিনেমার পরিচালক অশোক মণ্ডল-এর শত চেষ্টা সত্ত্বেও এই শ্যুটিং হঠাৎই বন্ধ হয়ে যায় করোনা মহামারীর কবলে পড়ে।

সম্পর্ক মূলত এক লড়াকু স্ত্রীর গল্প। যিনি তাঁর স্বামীর সঙ্গে বৈবাহিক সম্পর্ক ছিন্ন হওয়ার পরও ভাড়াবাড়িতে নিজের তিন ছেলেমেয়েকে মানুষ করে তোলেন। তিনি যখন স্বামীর বাড়ি ছেড়ে চলে আসেন তখন তাঁর তিন ছেলেমেয়েই খুব ছোট। এদিকে ভাড়াবাড়ির পরিবেশ দিনের পর দিন খারাপ হতে থাকে। মায়ের সঙ্গে পরামর্শ করে ছেলেমেয়েরা নিজেদের বাড়ি তৈরির সিদ্ধান্ত নেয়, কিন্তু অর্থ বাধা হয়ে দাঁড়ায়। ছেলে তার বন্ধুদের সূত্রে লোনের ব্যবস্থা করে। নতুন বাড়ি তৈরি হয়। ঠিক হয় গৃহপ্রবেশের দিনও। না, গল্প এখানেই শেষ নয়। এরপর যা ঘটল সেটার জন্য ছেলেমেয়েরা মোটেই প্রস্তুত ছিল না। কিন্তু হার না মানা সেই লড়াকু মা নিজের বুদ্ধিতেই সব কিছু সামলে নেন। সম্পূর্ণ পারিবারিক এই সিনেমার প্রধান দু'টি চরিত্রে অভিনয় করছেন দু'জন অতি পরিচিত ও জনপ্রিয় শিল্পী। লাবণী সরকার ও কমলেশ্বর মুখোপাধ্যায়। সঙ্গে আছেন অরুণ ব্যানার্জি, অরুণাভ দত্ত, সুদীপ চক্রবর্তী, অয়স্তিকা দেবনাথ, মনীশ চ্যাটার্জী, রিমঝিম, বিশ্বরূপ ঘোষ দস্তিদার, বিদ্যাশ্রী দাস ও সমদর্শী দত্ত। পরিচালকের আশা করোনা'র প্রকোপ কমে যাওয়ার পরে পরিস্থিতি একটু স্বাভাবিক হলেই তিনি তাঁর শুটিং ইউনিট নিয়ে আবার ফ্লোর পৌঁছতে পারবেন।

জয়ার পাশে অনুভব, তাপসীরা

বলিউডের সঙ্গে মাদকযোগ নিয়ে জোর তরজা বলিউডে। মাদক সম্পর্কের জেরে গোটা ইন্ডাস্ট্রিকে চাঁচাছোলা আক্রমণ করেছেন ভোজপুরী তারকা রবি কিষেণ। তাঁর বিরুদ্ধে সুর চড়িয়েছেন জয়া বচ্চন। জয়ার বিরুদ্ধে টুইটারে গলা চড়িয়েছেন কঙ্গনা রানাওয়াত। এদিকে অমিতাভ-ঘরণীর সমর্থনে বলিউড থেকে আওয়াজ তুললেন অনুভব সিনহা, তাপসী পান্নুরা। জয়া বচ্চন যে প্রতিবাদ করেছেন বলিউডের সঙ্গে মাদক যোগের অভিযোগ নিয়ে, তার জন্য সাংসদ অভিনেত্রীকে ধন্যবাদ জানান অনুভব সিনহা। পাশাপাশি জয়াজির মেরুদণ্ডে জোর রয়েছে বলেই ওই ধরনের মন্তব্য করতে পেরেছেন বলেও দাবি করেন বি টাউনের ওই পরিচালক।

অনুভব সিনহার পাশাপাশি জয়া বচ্চনকে সমর্থন করেন তাপসী পান্নু। তিনি বলেন, এবার সময় এসেছে বলিউড নিয়ে মন্তব্যের কড়া জবাব দেওয়ার। ফিল্ম ইন্ডাস্ট্রির একজন মহিলা সদস্য হয়ে জয়াজি যে কড়া ভাষায় জবাব দিয়েছেন, তার জন্য তাঁকে ধন্যবাদ জানিয়েছেন তাপসী।

কঙ্গনার নিশানায় উদ্ধব ঠাকরের পুত্র আদিত্য

সোমবার মুম্বই ত্যাগ করেছেন বলিউড অভিনেত্রী কঙ্গনা রানাওয়াত। অনেকেই মনে করেছিলেন, লাগাতার খুন ও ধর্ষণের হুমকির ভয়ে রণে ভঙ্গ দিয়েছেন কঙ্গনা। সেটা যে ভুল, হাতেনাতে পাওয়া গেল তার প্রমাণ। আবার তিনি তোপ দেগেছেন। এবার তাঁর নিশানায় মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রী তথা শিবসেনা প্রধান উদ্ধব ঠাকরের পুত্র আদিত্য ঠাকরে। কঙ্গনা বলেছেন, মুভি মাফিয়াদের সঙ্গে ঘনিষ্ঠ আদিত্য। সেই কারণেই তাঁদের বাঁচানোর চেষ্টা করছেন উদ্ধব।

মহারাষ্ট্রের বিজেপি নেতা চন্দ্রকান্ত পাতিলের একটি বক্তব্য শেয়ার করে টুইটারে কঙ্গনা লেখেন, মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রীর মূল সমস্যা হল আমি সেই মুভি মাফিয়া তথা সুশান্ত সিং রাজপুতের আসল খুনিদের চেহারা ফাঁস করে দিয়েছি, যাদের সঙ্গে তাঁর প্রিয় পুত্র আদিত্য ঠাকরে সময় কাটায়। এটাই আমার সবচেয়ে বড় অপরাধ। তাই ওরা আমায় উচিত শিক্ষা দিতে চাইছে। বেশ, তাহলে দেখা যাক কে কাকে উচিত শিক্ষা দেয়!

কঙ্গনার এই মন্তব্যের পক্ষে এবং বিপক্ষে সামাজিক মাধ্যমে অনেকেই মন্তব্য করেছেন।

হিন্দি ছবির শুটিংয়ে পাওলি দাম

হিন্দি ছবির শুটিংও শুরু করে দিলেন পাওলি দাম। নিউ নর্মালে প্রথম আউটডোর শুটিংয়ের জন্য উড়ে গেলেন রাজস্থানের রণথম্বোরে। ছবিটি সম্ভবত থ্রিলারধর্মী। ২২ সেপ্টেম্বর পর্যন্ত প্রথম পর্বের শুটিং হবে রণথম্বোরে। ২৩ সেপ্টেম্বর পাওলির কলকাতায় ফেরার কথা। দ্বিতীয় পর্বের শুটিং কলকাতাতেই। পুজোর মধ্যেই শুটিং করবেন পাওলি। জানা গেছে, আউটডোর শুটিংয়েও সমস্ত সুরক্ষাবিধি মানা হচ্ছে। শুটিং ফ্লোরে প্রয়োজনের অতিরিক্ত কেউ থাকছেন না। বারবার স্যানিটাইজার ব্যবহার করা হচ্ছে। কলাকুশলীরা প্রত্যেকেই মাস্ক পরে থাকছেন ফ্লোরে। এর আগেও হিন্দি ছবিতে অভিনয় করেছেন এই বঙ্গতনয়া।

'আবহ' ছবিতে সৌমিত্রর সঙ্গে পাওলি

ঋক বসু পরিচালিত সাইকোলজিক্যাল থ্রিলার 'আবহ'। এই ছবিতে অভিনয় করছেন সৌমিত্র চট্টোপাধ্যায়। সঙ্গে পাওলি দাম। 'সাঁঝবেলা'র পরে আবার তাঁরা একসঙ্গে। একটি বিশেষ চরিত্রে দেখা যাবে খরাজ মুখোপাধ্যায়কে। 'দেবী'র পরিচালক ঋকের সঙ্গে এটি পাওলির দ্বিতীয় কাজ। ছবিতে তিনি রয়েছেন 'নন্দিনী'র চরিত্রে। ঋক এর আগেও থ্রিলার ছবি তৈরি করেছেন। নতুন ছবি প্রসঙ্গে কথা বলতে গিয়ে পরিচালক জানান, বিভিন্ন থ্রিলার স্পেস এক্সপ্লোর করতে আমার ভালো লাগে। এবং এটা আমার প্রথম, অরিজিনাল গল্প এবং আমিই চিত্রনাট্য আর সংলাপ লিখেছি। লকডাউনের মধ্যেই লেখা। রিলিজ কীভাবে হবে এক্ষুনি বলতে পারছি না। শুনছিলাম পুজোর আগে সিনেমা হল খুলতে পারে, তখন রিলিজ হবে, নয়তো অনলাইনে মুক্তি পাবে। দেখা যাক কী হয়!

নিও নর্মাল বলিউড ভরসা রাখছে গোয়ায়

পুরনো জীবন ফিরে আসুক। ফিরে আসুক পুরনো ছন্দ। ধাপে ধাপে যত স্বাভাবিক জীবনযাত্রার দিকে এগোচ্ছে দেশ, ততই জীবনমুখী হয়ে উঠছেন তারকারাও। মুম্বইয়ের বাঁধাধরা চার দেওয়ালের লকডাউন থেকে মুক্তির খোঁজে গোয়ার সৈকতে। নিজের পঁচিশ বছরের জন্মদিনটা এভাবেই কাটালেন সারা।

অনন্যা পান্ডে, বরুণ ধাওয়ানরাও খানিক শ্বাস নিতে নীল জলের গোয়া-তটে। অনন্যা আর ঈশান খট্টরের 'খালি পিলি' ছবির শুটিং শেষ হতেই খানিক হাঁফ ছাড়ার মুডে চুটিয়ে উপভোগ করলেন গোয়া। বরুণের সঙ্গে আবার তাঁর মনের মানুষী, নাতাশা দালাল। জলমাঝে জলকেলির ছবিতে স্বস্তির ছাপ স্পষ্ট। অবশ্য শুধু মৌতাতের জন্য নয়, গোয়ায় পুরোদমে কাজও শুরু হয়ে গেছে। পরিচালক শকুন বাত্রার পরের ছবির জন্য দীপিকা পাড়ুকোন আর সিদ্ধান্ত চতুর্বেদি শুটিং করছেন এই গোয়াতেই।

সব মিলিয়ে নিও নর্মাল হয়ে উঠতে বলিউডের তরুণ ব্রিগেড ভরসা রাখছেন গোয়ার ওপর।

রাজ-শুভশ্রীর ছেলের নামে ফেক অ্যাকাউন্ট

বয়স মাত্র কয়েক দিন। এর মধ্যেই তার নামে অ্যাকাউন্ট খোলা হয়ে গেল সামাজিক মাধ্যমে! বলছি পরিচালক রাজ চক্রবর্তী এবং অভিনেত্রী শুভশ্রীর ছেলে যুবানের কথা। এই পুঁচকের নামে তৈরি হওয়া অ্যাকাউন্ট এই মুহূর্তে আলোচনার কেন্দ্রবিন্দুতে। সত্যিই কি খোলা হয়েছে অ্যাকাউন্ট? জানা গেছে, অ্যাকাউন্টটা ফেক। ঘটনাটা নজরে আসার পর রাজ বলেন, যুবান এখন অনেক ছোট। আমি অনুরোধ করছি, ওর নামে দয়া করে কেউ ফেক অ্যাকাউন্ট খুলবেন না। আর সকলের কাছে আবেদন রাখছি কেউ যাতে সংশ্লিষ্ট বিষয়ে কোনওরকম ইন্ধন না জোগান। শনিবার বিকেল নাগাদ সদ্যোজাতের সঙ্গে ছবি পোস্ট করেছিলেন শুভশ্রী গঙ্গোপাধ্যায়। হাসপাতালের বেডে সন্তানের সঙ্গে অভিনেত্রীর সেই ফ্রেমবন্দি মুহূর্ত কিছুক্ষণের মধ্যেই ভাইরাল হয়ে যায়। কমেন্ট বক্সে উপচে পড়ে শুভানুধ্যায়ীদের বার্তা। তখনই বোঝা গিয়েছিল যে সেলেব মা-বাবার থেকে কোনও অংশে এই খুদের জনপ্রিয়তা কম হবে না। এবার ফেক অ্যাকাউন্ট প্রকাশ্যে আসায় হাতেনাতে মিলল সেই প্রমাণ। অনেকের মতে, বলিউডে কামাল করছে তৈমুর। টলিউডও এবার স্টারকিড পেয়ে গেল।

টিম তারাদের কথা | মহুয়া বন্দ্যোপাধ্যায়, শবরী চক্রবর্তী, অংশুমান চক্রবর্তী, সায়ন্তী মণ্ডল, রমাপদ পাহাড়ি | ফেসবুক পেজ www.facebook.com/taraderkatha